সমকাল

তারিখ 17 APR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

পে স্কেলে অন্তর্ভুক্তি

# বেসরকারি শিক্ষকদের আনন্দ মিছিল

■ সমকাল প্রতিবেদক

অষ্টম জাতীয় পে স্কেলে অন্তর্ভুক্ত হওয়ার পরে প্রথমবার বেতন হাতে পেয়ে গতকাল শনিবার সারাদেশে আনন্দ মিছিল করেছেন বেসরকারি শিক্ষকরা। 'শিক্ষক-কর্মচারী ঐক্য ফ্রন্টে'র ব্যানারে সারাদেশে একযোগে এ কর্মসূচি পালিত হয়।

'আমাদের পূর্ণ মর্যাদা দাও, আমরা উন্নতমানের শিক্ষা দেব' মূল ধ্বনি উচ্চারণ করে কেন্দ্রীয়ভাবে ঢাকায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে সংক্ষিপ্ত জমায়েত শেষে আনন্দ মিছিল বের করেন। মিছিলটি কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। দেশের বেসরকারি স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ১১টি সংগঠন নিয়ে গঠিত ঐক্যবদ্ধ প্ল্যাটফর্ম জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট আয়োজিত দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে ফ্রন্টের জাতীয় কমিটি ঢাকা মহানগরে এ জমায়েত ও মিছিলের আয়োজন করে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষক-কর্মচারীরা এতে অংশ নেন।